গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
www.godagari.rajshahi.gov.bd

স্মারক নং - ০৫.৪৩.৮১.৩৪.০০০.০৯.০১৬.২৬- ১৭

তারিখঃ ২০ পৌষ ১৪৩২ ব.
০৪ জানুয়ারি ২০২৬ খ্রি.

## গোদাগাড়ী উপজেলার ২০ একরের নিম্নে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা ভূমি মন্ত্রণালয়ের ২৩/১১/২০২৫ খ্রি. তারিখে ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত জলমহাল (পুকুর) ইজারার জন্য jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে রাজশাহী জেলার আওতাধীন গোদাগাড়ী উপজেলার তালিকাভুক্ত জলমহাল (পুকুর) সমূহ ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন আহবানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষিতে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্র. নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১. | **২১ পৌষের মধ্যে**<br>(০৫ জানুয়ারির মধ্যে) | - | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২. | **০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে**<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ (পনেরো) কার্যদিবস | আবেদনকারী কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস গোদাগাড়ী, রাজশাহী হতে অফিস চলাকালে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের আবেদন ফরম ক্রয়পূর্বক ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল। |
| ০৩. | **১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে**<br>(০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | আবেদনকারী কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী'তে দাখিল। |
| ০৪. | **২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে**<br>(০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫. | **২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে**<br>(১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬. | **০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে**<br>(১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫ (পনেরো) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭. | **২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে**<br>(১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮. | **০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে**<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৯. | **১ বৈশাখ** (১৪ এপ্রিল) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**বি:দ্র: * ১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ২০ একরের নিম্নে জলমহালের তালিকা www.godagari.rajshahi.gov.bd এবং www.acl.godagari.rajshahi.gov.bd এই ওয়েব সাইট হতে সংগ্রহের জন্য বলা হলো।**

*** তালিকায় প্রকাশিত কোন জলমহাল নিয়ে কারো কোন আপত্তি/মামলা নিয়ে নিষেধাজ্ঞা সংক্রান্ত আপত্তি থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১০ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী বরাবর আবেদন দাখিল করতে হবে।**

* উল্লেখ্য, প্রয়োজনে বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলি সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৪.০১.২৬

(মোঃ নাজমুস সাদাত রত্ন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোদাগাড়ী, রাজশাহী
টেলিফোন: ০২৪৭৮-৫৬০০৭ (অফিস)
ই-মেইল: unogodagari@mopa.gov.bd

তারিখঃ ২০ পৌষ ১৪৩২ ব.
০৪ জানুয়ারি ২০২৬ খ্রি.

স্মারক নং ঃ ৩১.৪৩.৮১৩৪.০০১.১৯.০৪১.২৬-১৮

**অনুলিপি: সদয় অবগতি/ সদয় কার্যার্থে প্রেরণ করা হলো**

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী
০২। জেলা প্রশাসক, রাজশাহী
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী

**অনুলিপি: সদয় অবগতি/ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো**

০৫। উপজেলা নির্বাহী অফিসার,..............................................(সকল), রাজশাহী।
০৬। সহকারী কমিশনার (ভূমি),..............................................(সকল), রাজশাহী।
০৭। উপজেলা .............................. অফিসার, ......................., রাজশাহী ।
(তাকে খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ে নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১১। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
(বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)
১২। চেয়ারম্যান, গোদাগাড়ী/মোহনপুর/পাকড়ী/রিশিকুল/গোগ্রাম/মাটিকাটা/দেওপাড়া/বাসুদেবপুর/চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী।
(তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা গোদাগাড়ী/বাসুদেবপুর/কাঁকন হাট/বড়গাছি/রাজাবাড়ী, ইউনিয়ন ভূমি অফিস, গোদাগাড়ী, রাজশাহী ।
(তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন এই কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো।)
১৪। জনাব....................................................................................................................সদস্য,
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
১৫। সম্পাদক, দৈনিক সোনার দেশ ও দৈনিক সোনালী সংবাদ (পত্রিকার ভেতরের পাতায় "৮ x ৬" সাইজে একদিন প্রকাশিত করত: পত্রিকার ০৫ (পাঁচ) কপি অত্র অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৬। ...........................................................................................................................।
১৭। অফিস কপি।

০৪/০১/২৬

(মো. শামসুল ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোদাগাড়ী, রাজশাহী
aclandgodagari@gmail.com
টেলিফোন নং-০২৪৭-৮৫৬০১৮